

urban advantage

science initiative

ফ্যামিলি গাইড

2018-2019

সন্তানকে নিয়ে নিউ ইয়র্ক সিটির চিড়িয়াখানা,
জাদুঘর, বটানিক্যাল গার্ডেন ও অ্যাকুয়ারিয়ামে
বিজ্ঞান অনুসন্ধিৎসার এক ফ্রি সুযোগ।

urbanadvantagenyc.org



প্রিয় আরবান অ্যাডভানটেজ ফ্যামিলি,

অভিনন্দন! আপনার সন্তানের স্কুল 'আরবান অ্যাডভানটেজ'- একটি স্কুল স্যাম্পল উদ্যোগে অংশগ্রহণ করছে। আপনার সন্তানের জন্য নিউ ইয়র্ক সিটির বিজ্ঞান-সমৃদ্ধ সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের অভিজ্ঞতা লাভের ও স্কুলের বাইরে বিজ্ঞানের অভিজ্ঞতা অর্জনে নিয়োজিত হওয়ার অসাধারণ একটি সুযোগ। আপনার সন্তানকে সঙ্গে নিয়ে পুরো পরিবার সিটির জাদুঘর, চিড়িয়াখানা, বটানিক্যাল গার্ডেন, এবং অ্যাকুয়ারিয়ামে আনন্দ উপভোগের সুযোগ পাবেন। এই বুকলেট প্রোগ্রামের বর্ণনা এবং কীভাবে পরিবারের সবাই এসব আর্টসিট 'আরবান অ্যাডভানটেজ' বিজ্ঞানসমৃদ্ধ সাংস্কৃতিক প্রতিষ্ঠানের যে কোনোটিতে ফ্রি প্রবেশের সুযোগটি ব্যবহার করতে পারবেন, তার ব্যাখ্যা দেবে।

আরবান অ্যাডভানটেজ কী?

আরবান অ্যাডভানটেজ বিজ্ঞান শিক্ষা ও গবেষণায় সহায়তা প্রদানকারী একটি সিটিব্যাপী প্রোগ্রাম। আরবান অ্যাডভানটেজ স্কুল, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী ও পরিবারের সবাইকে আর্টসিট খ্যাতিমান বিজ্ঞানসমৃদ্ধ সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহে অনুষ্ঠিত উদ্দীপনাময় বৈজ্ঞানিক উদ্ভাবনা ও শিক্ষণের সাথে সংযুক্ত করে।

শিক্ষার্থী ও পরিবারের সবার জন্য ফ্রি প্রবেশের সুযোগ প্রদান ছাড়াও আরবান অ্যাডভানটেজ NYC-এর বিজ্ঞান-সমৃদ্ধ জাদুঘর, চিড়িয়াখানা, বটানিক্যাল গার্ডেনে বিজ্ঞান শিক্ষকদেরকে বিজ্ঞান গবেষণার জন্য প্রস্তুত করে এবং ক্লাসরুমে শিক্ষার্থীদের প্রজেক্ট চালু রাখায় সহায় করার জন্য যন্ত্রপাতি ও সহায়ক সামগ্রী প্রদান করে।



কোন স্থানগুলো আমরা পরিদর্শন করতে পারি? সেগুলো কোথায়?

পাঁচ বরোর সবখানে অবস্থিত আর্টসিট প্রতিষ্ঠান হলো আমেরিকান মিউজিয়াম অফ ন্যাচারাল হিস্ট্রি, দি ব্রঙ্কস জু, দি ব্রুকলিন বটানিক্যাল গার্ডেন, দি নিউ ইয়র্ক অ্যাকুয়ারিয়াম, দি নিউ ইয়র্ক বটানিক্যাল গার্ডেন, দি নিউ ইয়র্ক হল অফ সায়েন্স, দি কুইন্স বটানিক্যাল গার্ডেন, এবং দি স্ট্যাটেন আইল্যান্ড জু! বুকলেটে আপনি সবগুলো প্রতিষ্ঠানের সমন্বয়সূচি,

যোগাযোগের তথ্য এবং প্রবেশ সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও শিক্ষার্থী সহায়তা তথ্য পাবেন।

মলে রাখবেন: ফ্রি প্রবেশ করতে হলে

আপনাকে অবশ্যই ভাউচার সঙ্গে নিয়ে যেতে হবে।



এসব স্থানে কোন ধরনের বিষয়ের সুযোগ প্রদান করে?

নিউ ইয়র্কের বিশ্ব মানের সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো দেখা, উপভোগ করা এবং বিজ্ঞান নিয়ে কাজ করার সেরা স্থান। উদাহরণস্বরূপ:

- 3-D স্পাই ইডার ওয়েব (মাকড়সার জাল) বেয়ে পদার্থ বিজ্ঞান গবেষণা করুন বা **নিউ ইয়র্ক হল অফ সায়েন্স**-এর আউটডোর সায়েন্স প্লেগ্রাউন্ডের স্লাইডে প্রতিযোগিতা করুন।
- **নিউ ইয়র্ক বটানিক্যাল গার্ডেন**-এর কনজারভেটরিতে একটি একো-ট্যুর"-এ ভ্রমণ করুন কিংবা আবিষ্কার করুন এর 250 একর বিস্তৃত প্রাচীন প্রাকৃতিক বন।
- **দি স্ট্যাটেন আইল্যান্ড জু**-তে 'রেপটাইল উইং'-এ সর্পীসূপ ও উভচরদের রাজস্ব সম্পর্কে জানুন কিংবা বানর, বাঁদর ও পাখি দেখার জন্য 'ট্রপিক্যাল ফরেস্ট'-এ ঘুরে আসুন। খামার বাড়ি দেখুন এবং নিজ হাতে প্রাণীদের খেতে দিন।
- **কুইন্স বটানিক্যাল গার্ডেন**-এর নতুন "গ্রিন" *ভিজিটর অ্যান্ড এডমিশন সেন্টার* কীভাবে একই আকৃতির প্রচলিত ধারার ভবনের চাইতে 40% কম স্থান লাগি এবং 80% কম পানি ব্যবহার করছে? সে উত্তর জানার এবং আরও অনেক কিছুর জন্য QBG দেখে আসুন।

- আপনার সন্তান যদি পাথর ও গ্রহতারকা সম্পর্কে আগ্রহী হয়, কিংবা যদি সে বহির্বিশ্বে নতুন কি আছে তা জানতে চায়, তাহলে **আমেরিকান মিউজিয়াম অভ ন্যাচারাল হিস্ট্রি** দেখে আসুন।
- ক্ষুদ্রাকৃতির বনসাই গাছ থেকে সুউচ্চ ম্যাপল গাছের বিশেষ সংগ্রহ দেখুন **ক্রকলিন বটানিক গার্ডেন**-এ কিংবা স্টেইনহার্ড কনজারভেটরিতে বৈচিত্র্যপূর্ণ আবাসন দেখুন।
- আমেরিকার সর্ববৃহৎ শহরে চিরিয়াখানা **ব্রঙ্ক্স জু** দেখুন এবং বিশ্বের বিভিন্ন এলাকার 6 শয়েরও অধিক প্রজাতির প্রাণী পর্যবেক্ষণ করুন। বৈচিত্র্যমণ্ডিত প্রাণী, পাখি, সরিসৃপ, কীপতঙ্গ সাক্ষাৎ জকরুন।
- আপনার পরিবারকে **নিউ ইয়র্ক অ্যাকুরিয়াম**-এ সমৃদ্ধ বিজ্ঞানে নিমজ্জিত করুন এবং রঙিন মাছ, হেলেদুলে চলা পেঙ্গুইন, গুরুভার সিন্ধুঘোটক, এবং নানান সামুদ্রিক প্রাণীর মুখোমুখি করুন। এছাড়াও নতুন সামুদ্রিক বিল্ময় দেখতে ভুল করবেন না: হাওর! প্রদর্শনসামগ্রী!

এবং সেটা হলো মাত্র শুরু। আপনি যেখানেই যান না কেন, আপনার পরিবার অবশ্যই কোন উৎসব, প্রোগ্রাম এবং বিশেষ আনুষ্ঠান এবং অসংখ্য মজার মজার দর্শনীয় ও করনীয় জিনিস পাবে। বিশেষ কর্মসূচি ও অনুষ্ঠানের খোঁজ জানতে UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং 'Plan Your Trip' সেকশনে ক্লিক করুন!

আমরা কয়টি স্থান দেখতে পারবো?

আরবান অ্যাডভান্টেজ শিক্ষার্থীরা জাদুঘর, চিড়িয়াখানা, বটানিক্যাল গার্ডেন ও অ্যাকুরিয়াম দেখার জন্য **দুইটি (2) শিক্ষার্থী+3 ফ্রি প্রবেশ ভাউচার পাবে।** প্রতিটি ভাউচার শিক্ষার্থী ও তিনজন পর্যন্ত অতিথি প্রবেশের সুযোগ দেবে। একজন অতিথিকে অবশ্যই প্রাপ্ত বয়স্ক হতে হবে। আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক বা প্যারেন্ট কোঅর্ডিনেটর আপনার পরিদর্শন পরিকল্পনা তৈরিতে সহায়তা করতে এবং ভাউচার সংক্রান্ত প্রশ্নের জবাব দিতে পারবেন।

স্কুল কম্যুনিটি ট্রিপ কী?

আরবান অ্যাডভান্টেজ স্কুল কোনো এক উইকএন্ড বা স্কুল বন্ধের দিন একটি স্কুল কম্যুনিটি ট্রিপ আয়োজন করে। ফ্রি যাতায়াত ও ফ্রি প্রবেশের সুযোগ দেওয়া হয়। অনুগ্রহ করে স্কুল কম্যুনিটি ফিল্ড ট্রিপ সম্পর্কে আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছ থেকে জেনে নিন!

প্রতিষ্ঠানগুলো কি আমার সন্তানকে তার দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণায় সহায়তা করতে পারে?

হ্যাঁ! শিক্ষার্থীরা UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখতে এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করতে পারে।

বিশেষ কোনো আরবান

অ্যাডভান্টেজ অনুষ্ঠান আছে কি?

হ্যাঁ! আমরা একটি উদ্দীপনাময় বছরের এবং বিশেষ করে আমেরিকান মিউজিয়াম অভ ন্যাচারাল হিস্ট্রি-তে **রবিবার, 1 জুন, 2019** তারিখে আরবান অ্যাডভান্টেজ স্যাম্পল এক্সপো-তে আপনার সন্তানের দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা দেখার প্রত্যাশায় আছি। এক্সপো শিক্ষার্থীদেরকে তাদের কাজ তাদের পরিবার, বন্ধুবান্ধব ও জনসাধারণকে প্রদর্শনের সুযোগ দেয়। আপনি সন্তানের স্কুল থেকে এক্সপো সম্পর্কে একটি ক্লায়ার পাবেন বাসন্তে।



আমি কীভাবে বিজ্ঞান শিক্ষায় আমার সন্তানকে সহায়তা দিতে পারি?

বাড়িতে:

- আপনার সন্তানকে তার বিজ্ঞানের স্তান সম্প্রসারণের জন্য তাকে পর্যবেক্ষণ করতে, প্রশ্ন করতে এবং পরীক্ষণ করতে উৎসাহিত করুন।
- বাড়িতে এবং বাড়ির বাইরে খেলাধুলা এবং পার্ক, মিউজিয়াম, চিড়িয়াখানা ও অ্যাকুয়ারিয়ামে, বাগানে, ন্যাচার সেন্টারে, এবং আপনার কম্যুনিটির অন্যান্য বিজ্ঞান-সমৃদ্ধ স্থানে ঘন ঘন যেতে দিয়ে বিজ্ঞান শিক্ষার সুযোগ দিবেন।
- আপনার সন্তানের উৎসাহ ও আগ্রহের উপর ভিত্তি করে, কিংবা দীর্ঘমেয়াদী গবেষণার জন্য প্রয়োজনীয় ডেটা সংগ্রহের জন্য UA প্রতিষ্ঠানগুলো পরিদর্শনের পরিকল্পনা করুন।
- পড়ার ও বিজ্ঞান গবেষণার জন্য আপনার সন্তানকে লাইব্রেরিতে নিয়ে যাবেন। বই, সংবাদপত্র ও ম্যাগাজিন, যেমন *National Wildlife* কিংবা *Natural History*, ভালো তথ্যের উৎস।

আপনার সন্তানের শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে অংশীদার হোন:

- সন্তানের ও তার শিক্ষকের সাথে নিয়মিত যোগাযোগ রাখুন।
- ফিন্ড ট্রিপে ভলান্টিয়ার হিসেবে কাজ করুন।
- স্কুল ওপেন হাউস ও ফ্যামিলি সায়েন্স নাইট-এ অংশগ্রহণ করুন।
- সন্তানকে তার দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সম্পর্কে খোঁজ-খবর দিন।

আরবান অ্যাডভানটেজ কীভাবে সহায়তা করতে পারে?

- UA প্রতিষ্ঠানসমূহ ফ্রি পরিদর্শন করতে শিক্ষার্থী+3 জনের ভাউচার ব্যবহার করুন। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার সনআনের বিজ্ঞান শিক্ষকের সাথে কথা বলুন।
- চিড়িয়াখানা, জাদুঘর, অ্যাকুয়ারিয়াম, এবং বাগানে UA স্কুল কম্যুনিটি ট্রিপ সম্পর্কে আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক বা স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছে জিজ্ঞাসা করুন। **স্কুল কম্যুনিটি ট্রিপের অন্তর্ভুক্ত আছে ফ্রি প্রবেশ ও বাসে UA প্রতিষ্ঠানসমূহে আসা-যাওয়ার বাসের ব্যবস্থা।**
- দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা এবং বিশেষ অনুষ্ঠান ও আর্টস আরবান অ্যাডভানটেজ-এর অংশীদার প্রতিষ্ঠানসমূহে প্রদর্শনী সম্পর্কে আরও জানতে UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন। একক দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা পাওয়া যাবে।
- **ইমেইলে:** UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।

আমি আরবান অ্যাডভানটেজ পরিদর্শন পরিকল্পনা তৈরির জন্য কীভাবে প্রতিষ্ঠানগুলো সম্পর্কে তথ্য পেতে পারি?

আমেরিকান মিউজিয়াম অভ ন্যাচারাল হিস্ট্রি

amnh.org

ফোন: 212-769-5100

সময়: প্রতিদিন সকাল 10:00. – বিকাল 5:45, থ্যাংস্টিংগিভিং
ও ক্রিস্টম্যাস ডে বন্ধ।

ভাউচার সম্পর্কিত তথ্য: ভাউচার সাধারণ প্রদর্শনী
অতিরিক্ত একটি বিশেষ প্রদর্শনী, IMAX ফিল্ম, কিংবা স্পেস
শো-তে ব্যবহারযোগ্য। ভাউচার গাড়ি পার্কিংয়ে **ব্যবহার করা
যাবে না।**

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান
গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science"
লিংকে ক্লিক করুন।



ব্রুকলিন বটানিক গার্ডেন

bbg.org

ফোন: 718-623-7200

সময়: মার্চ-অক্টোবর

মঙ্গলবার – শুক্রবার: সকাল 8 থেকে সন্ধ্যা 6 শনি ও রবিবার: সকাল ১০টা থেকে সন্ধ্যা 6

বন্ধ সকল সোমবার (তবে মেমোরিয়াল যে ও কলম্বাস ডে-তে খোলা থাকবে সকাল 10 থেকে সন্ধ্যা 6 পর্যন্ত)

লেবার ডে বন্ধ

নভেম্বর

মঙ্গলবার – শুক্রবার: সকাল 8–বিকাল 4:30; শনি ও রবিবার: সকাল 10–বিকাল 4:30

ডিসেম্বর-ফেব্রুয়ারি: মঙ্গলবার – শুক্রবার:

সকাল 8 থেকে বিকাল 4:30

শনিবার ও রবিবার: সকাল 10 থেকে বিকাল 4:30

বন্ধ সোমবার (তবে ভেটেরান্স ডে, মার্টিন লুথার কিং জুনিয়র ডে, প্রেসিডেন্টস ডে সকাল 10 থেকে বিকাল 4:30 পর্যন্ত খোলা)।

থ্যাংসগিভিং যে, ক্রিস্টম্যাস ডে, এবং নিউ ইয়ার্স ডে বন্ধ।

ভাউচার সম্পর্কিত তথ্য: আমাদের বৃক্ষ সংগ্রহ, মণ্ডলী সংবাদ, এবং শরতে আমাদের চিলি পেপার ফেস্টিভেল ও বসন্তে সাকুরা মাটসুরি, চেরি ব্লসম ফেস্টিভেলসহ বিশেষ কর্মসূচি ও প্রদর্শন সম্পর্কে জানতে হলে অনুগ্রহ করে www.bbg.org ওয়েবসাইট দেখুন।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।



ব্রংক্স জু

bronxzoo.com

ফোন: 718-220-5100

সময়: প্রতিদিন সকাল 10:00, বন্ধের সময় মণ্ডলী অনুযায়ী ভিন্ন হয়।

চিড়িয়াখানা থ্যাংসগিভিং যে, ক্রিস্টম্যাস ডে, এবং মার্টিন লুথার কিং জুনিয়র ডে উপলক্ষে বন্ধ থাকে।

ভাউচার সম্পর্কিত তথ্য: ভাউচার এক UA শিক্ষার্থী এবং অন্য 3 জনের জন্য ব্যবহারযোগ্য, এছাও নিম্নলিখিতগুলোর একটি প্রদর্শনীতে ব্যবহারযোগ্য: জাপল ওয়ার্ল্ড (সারা বছর), ওয়াইল্ড এশিয়া মনোরেল (মার্চ-অক্টোবর), বাটারফ্লাই গার্ডেন (এপ্রিল-অক্টোবর), কিংবা কংগো গরিলা ফরেস্ট (এপ্রিল-ডিসেম্বর)। পার্কিং অন্তর্ভুক্ত নয়।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।





জুলি রারসেন মাহের ©WCS

নিউ ইয়র্ক বটানিকেল গার্ডেন

nybg.org

ফোন: 718-817-8700

সময়: মঙ্গল থেকে রবিবার সকাল 10:00, বন্ধের সময় মওশুম অনুযায়ী ভিন্ন হয়।

প্রতি সোমবার (সোমবারের ফেডারেল ছুটির দিন ব্যতীত) এবং থ্যাংস্কাগিভিং ও ক্রিস্টম্যাস ডে বন্ধ।

ভাউচার সম্পর্কিত তথ্য: পার্কিংয়ের জন্য বাড়তি ফি দিতে হবে।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।

নিউ ইয়র্ক অ্যাকুরিয়াম

nyaquarium.com

ফোন: 718-265-FISH (3474)

সময়: প্রতিদিন সকাল 10:00, বন্ধের সময় মওশুম অনুযায়ী ভিন্ন হয়।

ভাউচার সম্পর্কিত তথ্য: পার্কিংয়ের জন্য বাড়তি ফি দিতে হবে।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।



কুইন্স বটানিক্যাল গার্ডেন

queensbotanical.org

ফোন: 718-886-3800

সময়: 1 নভেম্বর এবং 30 মার্চ মঙ্গলবার থেকে রবিবার পর্যন্ত, সকাল 8:00 – বিকাল 4:30

1 এপ্রিল- 30 অক্টোবর: মঙ্গলবার থেকে রবিবার পর্যন্ত, সকাল 8:00 – বিকাল 6:00

জাতীয় ছুটি থাকলে জনসাধারণের জন্য খোলা থাকবে।

ভাউচার সম্পর্কিত তথ্য: 1 এপ্রিল – 1 অক্টোবর পর্যন্ত প্রবেশ করতে ভাউচার আবশ্যিক এবং তা মেইন স্ট্রিটে পার্কিং গার্ডেনের প্রবেশ পথে দেখাতে হবে। প্রবেশ

ফ্রি 1 নভেম্বর থেকে 30 মার্চ পর্যন্ত, তবে কিছু বিশেষ অনুষ্ঠানের জন্য ভাউচার ব্যবহার করা যাবে।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।



নিউ ইয়র্ক হল অভ সায়েন্স

nysci.org

ফোন: 718-699-0005

সময়: সোমবার থেকে শুক্রবার, সকাল 9:30 – বিকাল 5:00
শনিবার ও রবিবার সকাল 10:00. – সন্ধ্যা 6:00

আমরা খ্যাংক্সগিভিং, ক্রিস্টমাস ও লেবার ডে ছাড়া সকল ছুটির দিনে খোলা।

ভাউচার সম্পর্কিত তথ্য: ভাউচার শিক্ষার্থী ও তিনজন পর্যন্ত পরিবারের অন্যান্য সদস্যদের NYSCI এবং ডিজাইন ল্যাব-এ প্রবেশের জন্য ব্যবহারযোগ্য।

শিক্ষার্থী সহায়তা:

UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।



স্ট্যাটেন আইল্যান্ড চিড়িয়াখানা:

statenislandzoo.org

ফোন: 718-442-3101

সময়: প্রতিদিন সকাল 10:00 – বিকাল 4:45

খ্যাংক্সগিভিং, ক্রিস্টমাস এবং নিউ ইয়ার্স ডে-তে বন্ধ থাকে।

ভাউচার সম্পর্কিত তথ্য: যে কোন প্রবেশ দরজায় চারজন পর্যন্ত দর্শনার্থীর জন্য ব্যবহার করুন। পার্কিং লট ক্লোভ রোডে অবস্থিত এটি ফ্রি।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট

www.urbanadvantagenyc.org দেখুন এবং দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা সহায়তা ইমেইল ফরম-এর লিংক পেতে 'Long-Term Science Investigation' শিরোনাম দেখুন।

আরবান অ্যাডভানটেজ-এর অংশীদার



NYBG



New York Hall of Science



The Council of the
City of New York

আরবান অ্যাডভানটেজ কর্মসূচির প্রতি জন- সমর্থন জোগান স্পিকার
ও সিটি কাউন্সিল অফ নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট
অফ এডুকেশন।